কালের কণ্ঠ

তারিখ 08.OCT. 2015
পৃষ্ঠা ২০ কলাম ৫



প্রশ্ন ফাঁসের অভিযোগে ভর্তি পরীক্ষার ফল বাতিল ও পুনঃপরীক্ষার দাবিতে গতকাল মিছিল নিয়ে স্বাস্থ্য অধিদপ্তর অভিমুখে যাত্রা করে মেডিক্যালে ভর্তীচ্ছুরা। ছবি : কালের কণ্ঠ

# মেডিক্যালে ভর্তীচ্ছুদের ফের পেটাল পুলিশ

## আজও শহীদ মিনারে অবস্থান কর্মসূচি

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

প্রশ্ন ফাঁসের অভিযোগে মেডিক্যাল ও ডেন্টাল কলেজের ভর্তি পরীক্ষা বাতিল করে পুনরায় পরীক্ষা নেওয়ার দাবিতে আন্দোলনরত ছাত্রছাত্রীদের ওপর আবারও লাঠিচার্জ করেছে পুলিশ। এতে অন্তত সাতজন আহত হয়েছে বলে দাবি আন্দোলনকারীদের।

গতকাল বুধবার দুপুরে আন্দোলনরত শিক্ষার্থী ও তাদের আন্দোলনে একাত্মতা জানানো বিভিন্ন ছাত্রসংগঠনের নেতাকর্মীরা মিলে স্বাস্থ্য অধিদপ্তরে স্মারকলিপি দিতে যাওয়ার পথে রাজধানীর সোনারগাঁও হোটেল মোড়ে তাদের পথরোধ করে পুলিশ। এ সময় উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হলে পুলিশ লাঠিচার্জ করে আন্দোলনকারীদের ছত্রভঙ্গ করে দেয়।

এদিকে প্রশ্নপত্র ফাঁস বন্ধ, প্রশ্ন ফাঁসে জড়িতদের বিচার, পুনরায় মেডিক্যাল পরীক্ষা গ্রহণ এবং আন্দোলনকারীদের ওপর হামলার বিচার দাবিতে প্রগতিশীল ছাত্রজোট ও সাম্রাজ্যবাদবিরোধী ছাত্র ঐক্যের ডাকে গতকাল দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ধর্মঘট পালিত হয়েছে। জোটের নেতাদের দাবি, দু-একটি বিচ্ছিন্ন ঘটনা ছাড়া দেশব্যাপী সব শিক্ষাপ্রতিষ্ঠানে শান্তিপূর্ণ ধর্মঘট পালিত হয়েছে। একই দাবিতে আগামী রবিবার সব শিক্ষাপ্রতিষ্ঠানে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করার ঘোষণা দিয়েছেন জোট নেতারা।

এদিকে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর পুলিশি হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ছাত্রদল। সংগঠনের সহসভাপতি নাজমুল হাসান স্বাক্ষরিত বিবৃতিতে ছাত্রদল কেন্দ্রীয় সংসদের ভারপ্রাপ্ত সভাপতি মামুনুর রশিদ মামুন ও সাধারণ

▶▶ পৃষ্ঠা ১৩,ক. ৪



মেডিক্যালে ভর্তীচ্ছুদের মিছিল কারওয়ান বাজার এলাকায় পৌঁছার পর পুলিশ মিছিলকারীদের লাঠিপেটা করে। ছবি : কালের কণ্ঠ